

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠান ও জাহাজে হোসেন মানিক মিয়া

৪০০ প্রতিষ্ঠানে শতভাগ পাস, ৫৫টির সবাই অকৃতকার্য



ইত্তেফাক রিপোর্ট



২০ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মি:

২০১৮ সালে উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় ৪০০ প্রতিষ্ঠানে সবাই পাস করেছে। অপরদিকে ৫৫টি কলেজ ও মাদ্রাসার সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে। আটটি সাধারণ শিক্ষাবোর্ডের ৩৫ কলেজ, কারিগরি শিক্ষা বোর্ডের ৭টি কলেজ ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৩টি মাদ্রাসা শতভাগ অকৃতকার্য প্রতিষ্ঠানের তালিকায় রয়েছে।

গতকাল প্রকাশিত ফলাফলে দেখা গেছে, ঢাকা বোর্ডে ছয়, রাজশাহী বোর্ডে ছয়, কুমিল্লায় দুই, যশোরে চার, চট্টগ্রামে এক, বরিশালে দুই, সিলেটে দুই ও দিনাজপুর বোর্ডে ১২টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। গত বছরের তুলনায় শতভাগ অকৃতকার্য প্রতিষ্ঠানের সংখ্যা ১৭টি কমেছে। গত বছর ৭২টি প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। এবার মোট ৫৫ প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। অপরদিকে ৪০০টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করেছে। এর মধ্যে ১১২ কলেজ ও ২৮৮টি মাদ্রাসা রয়েছে। গত বছরের তুলনায় শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা ১৩২টি কমেছে। গত বছর ৫৩২টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করেছিল।

তারপ্রাণ সম্পাদক: তাসমিয়া হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস,  
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত